

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

12 OCTOBER 2026

7:45—7:55PM

- ১) দেশে সাংবিধানিক অধিকার খর্ব হলেই আদালতকে হস্তক্ষেপ করতে হবে বলে সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্তর মত প্রকাশ ।
- ২) আগামী বছরের এপ্রিল মাসে রাজ্যের বনাঞ্চলগুলিতে পরীক্ষামূলকভাবে দেড় কোটি স্থানীয় ফলমূলের গাছ রোপন করতে রাজ্য সরকারের সিদ্ধান্ত ।
- ৩) কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াং-এর আজ নতুন দিল্লীতে ব্রিকস থিয়েটার মহোৎসব-২০২৬ এর উদ্বোধন ।

এবং

- ৪) হাইলাকান্দি জেলাকে মাদকমুক্ত করার লক্ষ্যে জেলা পুলিশ প্রশাসনের ব্যাপক প্রচার ও সচেতনতামূলক অভিযান ।

সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেছেন যে দেশে সাংবিধানিক অধিকার খর্ব হলেই আদালতকে হস্তক্ষেপ করতে হবে । আজ নতুন দিল্লীতে জাতীয় মানবাধিকার কমিশনের ৩৩তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান বিচারপতি বলেন যে আমাদের সংবিধানে প্রত্যেক নাগরিকের জন্য আত্মমর্যাদা , সমতা , স্বাধীনতা এবং সুবিচারের ব্যাপক সংস্থান রয়েছে । তিনি বলেন যে মানবাধিকার কমিশনগুলিকে যেকোন ধরনের অভিযোগের তদন্ত , প্রাতিষ্ঠানিক ব্যর্থতা চিহ্নিত করা এবং মানুষের আশঙ্কা দূর করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে । প্রধান বিচারপতি বলেন যে মানবাধিকার , মানবিক মর্যাদার সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত । এর মধ্যে স্বাস্থ্য পরিষেবা , খাদ্য , আশ্রয় , জীবন-জীবিকা এবং পরিচ্ছন্ন পরিবেশ সুনিশ্চিত করার বিষয়টিও রয়েছে । তিনি আশা

প্রকাশ করেন যে মানবাধিকার কমিশন আমাদের দেশে মানবাধিকার সুরক্ষা এবং সুবিচারের ধারণাকে তুলে ধরতে সক্ষম হবে । এছাড়া মানুষের আত্মমর্যাদা এবং দায়বদ্ধতার বিষয়গুলিকেও সুনিশ্চিত করা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন । বিচারপতি সূর্যকান্ত উল্লেখ করেন যে জাতীয় মানবাধিকার কমিশন গত ৩৩ বছরে ২৪ লক্ষের অধিক মামলা পঞ্জীয়ন করা ছাড়াও ২৩ লক্ষের অধিক মামলা নিষ্পত্তি করেছে । এন এইচ আর সি ইন্ডিয়া মোবাইল এপ্লিকেশনের সূচনা করলে জনসাধারণের অভিযোগ দাখিল করা , এর অগ্রগতি পরীক্ষা করা এবং সহজভাবে তথ্য লাভ করার বিষয়টি সহজ হয়ে ওঠবে বলেও তিনি মন্তব্য করেন ।

আগামী বছরের এপ্রিল মাসে রাজ্যের বনাঞ্চলগুলিতে পরীক্ষামূলকভাবে দেড় কোটি স্থানীয় ফলমূলের গাছ রোপন করা হবে । বন ও পরিবেশ মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া আজ নলবারী জেলায় সংকল্প অভিযানে অংশ গ্রহণ করে এই মন্তব্য করেন । শ্রী বরুয়া বলেন যে নদীর তীর এবং চরঞ্চলে গাছের চারা রোপনের জন্য রাজ্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছে । আগামী দিনে পাথর ও বালি বহন করার কাজের দায়িত্ব রাজ্যের অন্যান্য সরকারী বিভাগগুলিকে অর্পন করা হবে এবং বন বিভাগকে শুধুমাত্র গাছের চারা রোপনের দায়িত্বভার প্রদান করা হবে । এছাড়াও অন্যান্য পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে রাজ্যে সবুজ পরিবেশ গড়ার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে বলেও বনমন্ত্রী উল্লেখ করেন ।

রাজ্যের সরকারী প্রশাসন ব্যবস্থায় সম্প্রতি ৪০ শতাংশ যুব প্রজন্মের প্রতিনিধি রয়েছে এবং ২০৩০ সাল পর্যন্ত আসামের সরকারী প্রশাসনিক ব্যবস্থায় যুবা প্রজন্ম পরিচালনা করবে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । পরবর্তী সময়ে প্রশাসনিক ব্যবস্থায় যুবা প্রজন্মকে ৯০ শতাংশে অর্ন্তভুক্ত করানোর জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । তিনি বলেন যে সম্পূর্ণ স্বচ্ছ ও মেধাভিত্তিক বাছাই প্রক্রিয়ার মাধ্যমে প্রার্থীদের নিযুক্তি দেওয়া হয়েছে । সম্প্রতি রাজ্যের প্রশাসন ব্যবস্থায় উদ্যমী কর্মবাহিনীর সৃষ্টি হয়েছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

খাদ্য ,গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ গোলাঘাট জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের পর্যালোচনা করা সহ সরকারী প্রতিষ্ঠান পরিদর্শন করে কাজ কর্মের খোঁজ নেন । মন্ত্রী তেতলিতলে থাকা ধান ক্রয় কেন্দ্র পরিদর্শন করেন । মন্ত্রী শ্রী রাই খাদ্য সুরক্ষা সুনিশ্চিতকরণ ও কৃষকের সমৃদ্ধির লক্ষ্যে স্থাপন করা এই

কেন্দ্রে মজুত থাকা ধান ও এর গুণাগুণ পরীক্ষা করা সহ কৃষকের থেকে ধান ক্রয়ের সাম্প্রতিক স্থিতির খোঁজ নেন । এরপর তিনি বেশকয়েকটি প্রকল্পের পর্যালোচনা করার জন্য বিভিন্ন বিভাগের আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে অংশ নেন ।

সরকার জানিয়েছে যে দেশের তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে পর্যাপ্ত পরিমানের কয়লা মজুদ রয়েছে । নতুন দিল্লীতে কয়লা মন্ত্রক সূত্রে জানানো হয়েছে যে গত ২৯ সেপ্টেম্বর পর্যন্ত তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে ব্যবহারের জন্য ১ কোটি ৮০ লক্ষ মেট্রিকটন কয়লা মজুদ ছিল । ১০ অক্টোবর এই পরিমান বৃদ্ধি পেয়ে ১ কোটি ৮০ লক্ষ ২শো ৫ টন হয়েছে । মন্ত্রক জানিয়েছে যে কয়লার মজুদ ভান্ডারের ওপর সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে । প্রতিদিন তাপবিদ্যুৎ কেন্দ্রগুলিতে ৪শো ৬৯টি কয়লা বোঝাই রেক পাঠানো হচ্ছে । গত মাসের তুলনায় এমাসে রেকের সংখ্যা আরো বৃদ্ধি পেয়েছে বলেও মন্ত্রক জানিয়েছে ।

কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আজ নতুন দিল্লীতে ব্রিকস থিয়েটার মহোৎসব - ২০২৬ এর উদ্বোধন করেছেন । এই মহোৎসব আগামী বুধবার সমাপ্ত হবে । অনুষ্ঠানে অংশ নিয়ে মন্ত্রী শ্রী শেখাওয়াত বলেন যে বিশ্ব ভূ-রাজনৈতিক উদ্ভিগ্নতা , সংঘাত , অনিশ্চয়তা ইত্যাদি সমস্যার মুখোমুখি হওয়ার সময় সাংস্কৃতিক আলোচনা বিশ্বাস স্থাপন এবং বিশ্ব সম্প্রীতি প্রতিষ্ঠার ক্ষেত্রে মুখ্য ভূমিকা গ্রহণ করতে পারে । সংস্কৃতির বিশ্বজনীন আবেদন সম্পর্কে গুরুত্ব আরোপ করে তিনি বলেন যে স্নেহ , ভালবাসা , সাহস , স্বাধীনতা ইত্যাদির সমাহারে ভাষিক এবং সাংস্কৃতিক পার্থক্য দূর করা সম্ভব । এই উপলক্ষে আকাশবাণীর সংবাদদাতার সঙ্গে কথা বলার সময় জাতীয় নাট্য বিদ্যালয়ের সঞ্চালক চিত্ত রঞ্জন ত্রিপাঠী বলেন যে তিনদিনব্যাপী এই মহোৎসবে ১০টি থিয়েটার গ্রুপ মোট ১১টি নাটক প্রদর্শন করবে । ভারত ছাড়াও থাইল্যান্ড , ইন্দোনেশিয়া , রাশিয়া , ভিয়েতনাম , ইরান , দক্ষিণ আফ্রিকা , কাজাকিস্তান এবং ইথিওপিয়ার নাট্য দল এই মহোৎসবে অংশ গ্রহণ করেছে ।

হাইলাকান্দি জেলাকে মাদকমুক্ত করার লক্ষ্যে জেলা পুলিশ প্রশাসন ব্যাপক প্রচার ও সচেতনতামূলক অভিযান শুরু করেছে । গত ১০ অক্টোবর থেকে জেলার বিভিন্ন প্রান্তে পথনাটিকার মাধ্যমে মাদক সেবনের কুফল তুলে ধরে জনসাধারণকে সচেতন করার উদ্যোগ নেওয়া হয়েছে । হাইলাকান্দি শহর থেকে আরম্ভ করে আসাম-মিজোরাম সীমান্তবর্তী রামনাথপুর থানা এলাকা পর্যন্ত জেলার বিভিন্ন থানার অধীনে এই পথনাটিকা

পরিবেশন করা হচ্ছে । এই উদ্যোগের বিষয়ে হাইলাকান্দির সিনিওর পুলিশ সুপার অমিতাভ সিংহ জানান মাদকের বিরুদ্ধে জনসচেতনতা গড়ে তুলতে জেলা পুলিশ পথনাটিকার পাশাপাশি একটি হোয়াটসঅ্যাপ নম্বর চালু করেছে । জেলার কোথাও অবৈধভাবে মাদক বিক্রয়ের ঘটনা নজরে এলে ৯২৮২১৮৮৬৬৮ এই নম্বরে পুলিশের কাছে জানাতে বলা হয়েছে । তথ্যদাতার পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে বলেও তিনি জানিয়েছেন ।

এদিকে পুলিশ আজ হাইলাকান্দি থানার অধীন পাইকান এলাকায় অভিযান চালিয়ে ৭ জনকে গ্রেপ্তার করেছে। ধৃতদের কাছ থেকে ৪২.৫ গ্রাম ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়েছে। তবে ধৃতদের পরিচয়, উদ্ধার হওয়া মাদকদের উৎস এবং এই ঘটনার সঙ্গে আরো কেউ জড়িত রয়েছে কী না সে বিষয়ে বিস্তারিত তথ্য এখনো জানা যায় নি। পুলিশ এই ঘটনার তদন্ত করছে।

২০১৪ সালের পর পদ্ম পুরস্কার সম্মানের জন্য মনোনয়ন প্রক্রিয়ার ক্ষেত্রে পরিবর্তন সাধন করা হয়েছে । দেশের এই সর্বোচ্চ অসামরিক সম্মানকে অধিক স্বচ্ছ ও গণতান্ত্রিক করে তোলার জন্য মনোনয়ন প্রক্রিয়া সহজ করা হয়েছে । এখন থেকে দেশের যেকোন একজন নাগরিক যোগ্য ব্যক্তিকে মনোনীত করতে পারবেন । মনোনয়ন দাখিল প্রক্রিয়া সম্পূর্ণভাবে অন-লাইন পদ্ধতিতে গ্রহণ করার ব্যবস্থা করা হয়েছে । এই সংশোধনের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চল , গ্রামীণ এবং পশ্চাদপদ শ্রেণীর জনগোষ্ঠীর মধ্যে তৃণমূল পর্যায়ে অসাধারণ কাজের অবদান যোগানো অবহেলিত নায়কদের সম্মান জানানোর জন্য প্রয়াস গ্রহণ করা হয়েছে ।

দেবী দুর্গার শারদীয় আরাধনার জন্য ধর্মীয় আচার অনুষ্ঠান ও উৎসাহ উদ্দীপনায় গতকাল থেকে নবরাত্রি পূজা আরম্ভ হয়েছে । আজ নবরাত্রির দ্বিতীয় দিনে দেবীকে ব্রহ্মচারিণী রূপে পূজা করা হয়েছে । সংযম ,তপস্যা ও জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবী ব্রহ্মচারিণীর পূজা রাজ্যের বিভিন্ন প্রাচীন দেবালয়ে পরম্পরাগত রীতি-নীতিতে সম্পন্ন করা হয়েছে । আগামীকাল দেবীকে চন্দ্রঘন্টা রূপে পূজা করা হবে ।

পূর্ত বিভাগের পাথারকান্দি ও রামকৃষ্ণ নগর রোড ডিভিশনের নির্বাহী বাস্তুকার জানিয়েছেন যে আনিপুর বেইলি সেতুটি গত ৮ অক্টোবর জনসাধারণের ব্যবহারের জন্য খুলে দেওয়া হয়েছে তবে ওই সেতুর স্থায়িত্ব রক্ষা এবং যাতায়াতকারী সাধারণ মানুষের

সুরক্ষা নিশ্চিত করতে যানবাহন চলাচলের ক্ষেত্রে কিছু নয়মাবলী বলবৎ করা হয়েছে । এই অনুসারে সেতুর ওপর দিয়ে চলাচলকারী গাড়ির নিজস্ব ওজন ও সামগ্রী সহ যানবাহনের সর্বমোট ওজন ৩০ টনের বেশি হতে পারবে না । যেকোন সময় শুধুমাত্র একটি ভারী যানবাহনই ওই সেতুর ওপর দিয়ে চলাচল করতে পারবে । সেতুটির ওপর যেকোন ধরনের যানবাহনের পার্কিং কঠোরভাবে নিষেধ করা হয়েছে । সেতুর ওপর দিয়ে চলাচলের সময় যানবাহনের সর্বোচ্চ গতি ঘন্টায় ১০ কিলোমিটার নির্ধারণ করা হয়েছে । এছাড়াও , সেতুর ওপর চালকদের বিনা কারণে ব্রেক কষতে নিষেধ করা হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসেবা এবং একটানা প্রশাসনিক দায়িত্বে থাকার ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে মাসব্যাপী সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে আজ রামকৃষ্ণনগর শিক্ষা খন্ডের মিড-ডে মিলের রাঁধুনীদের অর্থ ও শংসাপত্র প্রদান করা হয়েছে । রামকৃষ্ণনগর কলেজের অডিটরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক বিজয় মালাকার আসামের মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার পক্ষ থেকে প্রদত্ত অর্থ ও শংসাপত্র রাঁধুনীদের হাতে তুলে দেন ।

রাজ্যে খেল মহারণের তৃতীয় পর্ব আগামী ৭ নভেম্বর থেকে অনুষ্ঠিত হবে । মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা জানিয়ে বলেন যে ক্রীড়ার প্রতি নব-প্রজন্মের উৎসাহ , প্রতিভা ও উদ্যমকে নতুন মঞ্চ প্রদানের জন্য এই কার্যসূচীর আয়োজন করা হয়েছে । গ্রামাঞ্চল থেকে রাজ্য পর্যায়ে প্রতিভা সন্ধান ,প্রতিভা বিকাশ এবং ক্রীড়ার মাধ্যমে যুব সমাজকে শক্তিশালী করার জন্য এবার অধিক রোমাঞ্চকর রূপে এই ক্রীড়ার আয়োজন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । উল্লেখ্য আগামী পয়লা নভেম্বর খেল মহারণের আনুষ্ঠানিক সূচনা করা হবে । এবার তৃতীয় পর্বে ৮ ধরনের ক্রীড়া প্রতিযোগীতা অন্তর্ভুক্ত করা হয়েছে ।
